সিলেটে প্রধানমন্ত্রীর উপহারের ৪ সহস্রাধিক ঘর হস্তান্তর আজ

নিজস্ব প্রতিবেদক: সারাদেশের ন্যয় ৩য় ধাপে আজ মঙ্গলবার সিলেট বিভাগে ৪ হাজার ৬৯ ও জেলায় ৮১৭টি পরিবারকে প্রধানমন্ত্রীর উপহারের ঘর হস্তান্তর করা হবে। ইতোমধ্যে সম্পূর্ণভাবে প্রস্তুত করে রাখা হয়েছে আশ্রয়ণ-২ প্রকল্প’র এসব ঘর। ভিডিও কনফারেন্সে অনুষ্ঠানে অংশ নিয়ে জেলা প্রশাসক কার্যালয়ে যোগ দিয়ে ঘরগুলো গৃহহীন ও ভূমিহীনদের মাঝে হস্তান্তর করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
সিলেট জেলা প্রশাসক মো. মজিবুর রহমান জানান, ঈদ আনন্দ বাড়িয়ে দিতে পবিত্র ঈদুল ফিতরের আগে ঘরগুলো সংশ্লিষ্ট পরিবারের হাতে হস্তান্তর করা হচ্ছে। সোমবার বিকালে জেলা প্রশাসক কার্যালয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় জেলা প্রশাসক বলেন, সিলেট বিভাগে আজ মঙ্গলবার মোট ৪ হাজার ৬৯টি এবং সিলেট জেলার ১৩টি উপজেলায় ৮১৭টি গৃহহীন পরিবারকে ঘর দেয়া হবে। ১ম ও ২য় ধাপের তুলনায় ৩য় ধাপে কাঠামোতে এসেছে বেশ পরিবর্তন। ব্যয়ও বাড়ানো হয় আগের তুলনায় ৬৯ হাজার টাকা। যে কারণে ঘরগুলো মজবুত হয়েছে এবং দীর্ঘস্থায়ী হবে। এ ধাপে সিলেট জেলার বালাগঞ্জে ৪২, বিয়ানীবাজারে ১২০, বিশ্বনাথে ৩৩, কোম্পানীগঞ্জে ৩৩, ফেঞ্চুগঞ্জে ১২, গোলাপগঞ্জে ৫০, গোয়াইনঘাটে ২২৪, জৈন্তাপুরে ৮৭, কানাইঘাটে ৮৪, সিলেট সদরে ৬০, জকিগঞ্জে ৩৫, দক্ষিণ সুরমায় ২৭ ও ওসমানীনগরে ১০টি পরিবারকে ঘর দেওয়া হবে।